

# India - Myanmar Foreign Office Consultations

October 01, 2020

## ভারত-মায়ানমার বৈদেশিক অফিসের মধ্যে পরামর্শ সভা

অক্টোবর 01, 2020

ভারত এবং মায়ানমারের বৈদেশিক অফিসের মধ্যে 19 তম রাউন্ডের পরামর্শ সভা ভারুয়াল মোডে 1 অক্টোবর 2020 অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলকে নেতৃত্ব দিয়েছেন বিদেশ সচিব শ্রী হর্ষবর্ধন শ্রিংলা এবং মায়ানমার প্রতিনিধি দলকে নেতৃত্ব দিয়েছেন স্থায়ী সচিব ইউ সো হান।

পরামর্শ সভা চলাকালীন উভয় পক্ষ সম্পর্কের আগাগোড়া নিয়ে পর্যালোচনা করেছে, যেমন সীমান্তে সহযোগিতা এবং সীমান্ত পরিকাঠামোর উন্নয়ন, মায়ানমারে চলতে থাকা ভারতীয় উন্নয়ন প্রকল্পগুলির বর্তমান অবস্থা, বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক, পাওয়ার এবং এনার্জি ক্ষেত্রে সহযোগিতা, রাষ্ট্রদূত সম্পর্কিত ব্যাপার এবং সাংস্কৃতিক সহযোগিতা এবং ভূমিকম্পের ফলে বাগানে ক্ষতিগ্রস্ত প্যাগোডাগুলিকে পূর্বাবস্থায় ফিরিয়ে আনার জন্য চলতে থাকা কাজ। আঞ্চলিক ক্ষেত্রে সহযোগিতা এবং বহুমুখী ফোরামগুলি নিয়েও আলোচনা হয়েছে। উভয় পক্ষই সন্তুষ্টি প্রকাশ করেছে যে কোভিড অতিমারি চলতে থাকা স্বত্বেও বিভিন্ন ক্ষেত্র নিয়ে ভারুয়াল মোডে বৈঠক হয়েছে, যেমন পাওয়ার, এনার্জি ইত্যাদি যা দ্বিপাক্ষিক সম্পর্কের গভীরতা প্রতিফলিত করে। এটি নোট করা হয়েছে যে পরবর্তী যুগ্ম বাণিজ্য কমিটির মন্ত্রকস্বরীয় বৈঠক 20 অক্টোবর অনুষ্ঠিত হবে যা বাণিজ্য এবং বিনিয়োগের ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার করতে উপযোগী হবে।

কোভিড-19 এর কারণে উদ্ভূত চ্যালেঞ্জ এবং ভ্যাকসিনের উন্নয়ন, ওষুধ ও সরঞ্জাম এর যোগান এবং প্রযুক্তি এবং ক্ষমতা তৈরি ইত্যাদির মাধ্যমে তার তীব্রতা কমানোর বিষয়ে উভয় পক্ষের মধ্যে বিস্তারিত আলোচনা হয়েছে।

বিদেশ সচিব পুনরায় ব্যক্ত করেছেন যে ভারতের 'প্রতিবেশী প্রথম' এবং 'লুক ইন্সট' নীতি অনুযায়ী ভারত মায়ানমারের সাথে থাকা অংশীদারস্বকে অগ্রাধিকার দেয়। তিনি বলেছেন যে মায়ানমারের সাথে সহযোগিতা জোরদার করার প্রতি এবং সহযোগিতার নতুন পথ খুঁজে বার করার প্রতি ভারত অঙ্গীকারবদ্ধ থাকবে।

দুই দেশের পারস্পরিক উপকারের জন্য ভারতের সাথে থাকা সময়ের দ্বারা পরীক্ষিত অংশীদারস্বকে আরও শক্তিশালী করার প্রতি মায়ানমারের অঙ্গীকারের কথা স্থায়ী সচিব পুনরায়

নিশ্চিত করেছেন। কোভিড সম্পর্কিত বিষয়ে এবং উন্নয়নের জন্য ভারত মায়ানমারের প্রতি যে সাহয্যের হাত বাড়িয়ে দিয়েছে তিনি তার প্রশংসা করেছেন। জি-20 ঋণ পরিষেবা স্থগিত রাখার উদ্যোগের অধীনে মে 01,2020 থেকে ডিসেম্বর 31,2020 পর্যন্ত ঋণ পরিষেবা ছাড়ের ব্যবস্থা করে দেওয়ার জন্য তিনি ভারতকে ধন্যবাদ জানিয়েছেন।

উভয়ের সুবিধাজনক দিনে পরবর্তী রাউন্ডের বৈদেশিক অফিসের পরামর্শ সভা অনুষ্ঠিত হবে বলে দুই পক্ষ সম্মত হয়েছে।

নিউ দিল্লি

অক্টোবর 1,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.